

প্রোফাইল



নৌপরিবহন মন্ত্রণালয়ের সহকারী প্রধান জনাব মোঃ হারুন-অর-রশিদ বিসিএস (ইকোনমিক) ক্যাডারের ৩০ (ত্রিশ) ব্যাচের কর্মকর্তা। তিনি ২০১২ সালের ৩ জুন বিসিএস (ইকোনমিক) ক্যাডারের কর্মকর্তা হিসেবে সহকারী প্রধান পদে যোগদান করেন। এর আগে তিনি একটি বাড়ী একটি খামার প্রকল্পের উপজেলা সমন্বয়কারী, গ্রামীণফোন লিঃ এ কাস্টমার ম্যানেজার, দৈনিক প্রথম আলোর ফিচার রিপোর্টার ও ব্রিটিশ কাউন্সিলে পরিদর্শক হিসেবে চাকুরী করেছেন। জনাব মোঃ হারুন-অর-রশিদ চাকরি জীবনে অর্থ বিভাগ, পরিকল্পনা বিভাগ এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে কাজ করেছেন। ২০১৬ সালের ৭ সেপ্টেম্বর তিনি নৌপরিবহন মন্ত্রণালয়ে সহকারী প্রধান পদে যোগদান করেন।

জনাব মোঃ হারুন-অর-রশিদ ১৯৮৭ সালে তার পিতামাতার কর্মস্থল হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলায় জন্মগ্রহণ করেন। তার পৈত্রিক নিবাস একই জেলার বাহুবল উপজেলার মিরপুর ইউনিয়নের নোয়াগাঁও গ্রামে। তিনি হবিগঞ্জের লাখাই উপজেলার ভাদিকারা আদর্শ সরকারী প্রাথমিক বিদ্যালয় থেকে ৫ম শ্রেণীতে ট্যালেন্টপুলে বৃত্তি অর্জন করেন। তিনি একই উপজেলার কালাউক উচ্চ বিদ্যালয় থেকে ৮ম শ্রেণীতে বৃত্তি লাভ করে ২০০২ সালে বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি ও হবিগঞ্জের বৃন্দাবন সরকারি কলেজ হতে ২০০৪ সালে বিজ্ঞান বিভাগ থেকে এইচএসসি পরীক্ষা পাশ করেন। পরবর্তীতে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ২০১০ সালে তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে প্রথম শ্রেণীতে বিএ (সম্মান) ও ২০১২ সালে নরওয়ে সরকার প্রদত্ত বৃত্তি নিয়ে জার্নালিজম, মিডিয়া এন্ড কমিউনিকেশন বিষয়ে প্রথম শ্রেণীতে ২ বছর মেয়াদি রিজিওনাল মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। তিনি ২০১৫ সালে জাপান সরকার প্রদত্ত মনবুকাগাকুশো বৃত্তি নিয়ে জাপানের টোকিওতে অবস্থিত ন্যাশনাল গ্র্যাজুয়েট ইনস্টিটিউট ফর পলিসি স্টাডিজ (গ্রিপস) হতে পাবলিক পলিসি বিষয়ে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। এছাড়া তিনি নর্দান বিশ্ববিদ্যালয় থেকে গভর্নেন্স স্টাডিজ বিষয়ে মাস্টার্স ডিগ্রী এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় থেকে এলএলবি ডিগ্রী অর্জন করেন।

জনাব মোঃ হারুন-অর-রশিদ ছাত্র জীবনে ইউনিভার্সিটি স্টুডেন্টস এসোসিয়েশন অব হবিগঞ্জ (উষা) এর প্রতিষ্ঠাতা আহবায়ক, ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের সিনিয়র রোভার মেট, সূর্যসেন বিতর্ক ধারার সাধারণ সম্পাদক, ঢাকা ইউনিভার্সিটি জালালাবাদ স্টুডেন্ট এসোসিয়েশনের সাহিত্য সম্পাদক, ঢাকা ইউনিভার্সিটি ট্যুরিস্ট সোসাইটির প্রচার সম্পাদক ছিলেন। এছাড়া তিনি ২০০৮ সালে মহামান্য রাষ্ট্রপতি প্রদত্ত স্কাউটিংয়ের সর্বোচ্চ পদক প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জন করেন। স্কাউটিংয়ে সর্বোচ্চ কৃতিত্ব প্রদর্শনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় তাকে ২০০৯ সালে সম্মানসূচক ব্লু অ্যাওয়ার্ড প্রদান করে। তিনি ২০০৯ সালে মালয়েশিয়ার কুয়ালালামপুরে অনুষ্ঠিত এশিয়া প্যাসিফিক রিজিওনাল ইয়ুথ কম্পিটিশনে চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করেন। ২০১২ সালে সার্ক ইয়ুথ অ্যাওয়ার্ডের জন্য বাংলাদেশ সরকার তাকে মনোনীত করে।

তার পিতা অবসরপ্রাপ্ত উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ আশরাফ আলী বিসিএস (মৎস্য) ক্যাডারের কর্মকর্তা ছিলেন এবং মাতা মরহুমা নাদিরা আক্তার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ছিলেন। উল্লেখ্য যে, জনাব মোঃ হারুন-অর-রশিদ উচ্চশিক্ষা, প্রশিক্ষণ, সরকারি ও ব্যক্তিগত কাজে এ পর্যন্ত যুক্তরাষ্ট্র, মেক্সিকো, রাশিয়া, জার্মানী, তুরস্ক, জাপান, মিশর, চীন, দক্ষিণ কোরিয়া, থাইল্যান্ড, মালয়েশিয়া, সিঙ্গাপুর, হংকং, নেপাল, ভূটান ও ভারত সফর করেছেন।

জনাব মোঃ হারুন-অর-রশিদ বিবাহিত এবং এক কন্যা সন্তানের জনক। তাঁর স্ত্রী নাজমা বেগম বর্তমানে জাতীয় বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে মাস্টার্স অধ্যয়নরত। তার কন্যার নাম সারাফ ওয়াফি আরিশা।